৭

আজকের কাগজ

তারিখ 28 JUN 1996
পৃষ্ঠা: ৬ কলাম ৪

# শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচির গম বিক্রির সময় শিক্ষকসহ ২ জন জনতার হাতে ধৃত

শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচির আওতাভুক্ত অভয়নগর থানার জিয়ালতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গম উত্তোলনের পর কালোবাজারে বিক্রির সময় স্কুল ম্যানেজিং কমিটির সভাপতি ও একজন স্কুল শিক্ষক জনতার হাতে ধরা পড়েছে। জানা গেছে, গত ১৯ জুন উক্ত বিদ্যালয়ের জুন মাসের বরাদ্দকৃত ১৬৯৫ কেজি গম ছাত্র-ছাত্রিদের মধ্যে বিতরণের জন্যে উত্তোলন করা হয়। উক্ত গম স্কুলের ছাত্র-ছাত্রিদের মধ্যে বিতরণ না করে গত ২৩ জুন কালোবাজারে বিক্রির জন্যে স্থানীয় সোনাতলা বাজারে নিয়ে আসলে এলাকাবাসী ঘটনাটি বুঝতে পেরে স্কুল ম্যানেজিং কমিটির সভাপতি ইউপি সদস্য আজগর আলী ও স্কুলের শিক্ষক সফিয়ার রহমানকে ২ বস্তা গমসহ ধরে ফেলে। আত্মসাতকৃত উক্ত গম সিদ্দিপাশা ইউপি চেয়ারম্যান নাজিম উদ্দিনের হেফাজতে রয়েছে। এ খবর লেখা পর্যন্ত কোনো মামলা হয়নি। এ নিয়ে এলাকায় উত্তেজনা বিরাজ করছে। অভয়নগর থেকে কৃষ্ণ বসু।